



মোনাসেফ আহুছানিয়া স্বাস্থ্য কেন্দ্র ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

ঢাকা আহুছানিয়া মিশন পরিচালিত মোনাসেফ আহুছানিয়া স্বাস্থ্য কেন্দ্রে শুক্রবার সকাল ১০টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত বিনামূল্যে গাইনি রোগীদের স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। কামারজুড়ি, গাছা ইউনিয়নের ৮২ জন নারী সেবা গ্রহণ করে। বিনামূল্যে প্রয়োজনীয় ওষুধ বিতরণ ও গাইনি ক্যাম্পের মাধ্যমে ফিজিশিয়ান দ্বারা চিকিৎসার পাশাপাশি সব রকম পরীক্ষা-নিরীক্ষায় ৩০ শতাংশ মূল্য হ্রাসে ল্যাবটেস্ট ও আল্ট্রাসোনোগ্রাম করা হয়। বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঢাকা আহুছানিয়া মিশন হেলথ সেন্টারের ক্লিনিক ম্যানেজার ডা. নায়লা পারভিন এবং হেলথ সেন্টার কো-অরডিনেটর মো. তারেক মাসুদ। সংবাদ বিজ্ঞপ্তি

http://alokitobangladesh.com/epaper/pages/get_image/194068

http://alokitobangladesh.com/epaper/pages/get_image/194066